

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শুক্রবার, এপ্রিল ১০, ২০২৬

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৭ চৈত্র, ১৪৩২/১০ এপ্রিল, ২০২৬

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ২৭ চৈত্র, ১৪৩২ মোতাবেক ১০ এপ্রিল, ২০২৬ তারিখে রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে:—

২০২৬ সনের ১৯ নং আইন

২০২৫ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য
সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরিকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও
নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের উদ্দেশ্যে প্রণীত আইন

যেহেতু ২০২৫ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরিকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন নির্দিষ্টকরণ (সম্পূরক) (২০২৪-২৫ অর্থবৎসর) আইন, ২০২৬ নামে অভিহিত হইবে।

(২) এই আইন ২৬ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(১৬১০৭)

মূল্য : টাকা ৪.০০

২। ২০২৪-২০২৫ অর্থবৎসরের জন্য সংযুক্ত তহবিল হইতে ১৩০৫১২,০৮,৮২,০০০ (এক লক্ষ ত্রিশ হাজার পঁচাত্তর বারো কোটি আট লক্ষ বিরাশি হাজার) টাকা প্রদান।—২০২৫ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরে যেই সকল ব্যয় উক্ত বৎসরের অর্থ পরিশোধের আওতাধীন হইতে পারে সেই সকল ব্যয় নির্বাহের জন্য এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যাদির বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত ১৩০৫১২,০৮,৮২,০০০ (এক লক্ষ ত্রিশ হাজার পঁচাত্তর বারো কোটি আট লক্ষ বিরাশি হাজার) টাকার অনধিক পরিমাণ অর্থ সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও ব্যয়যোগ্য হইবে।

৩। নির্দিষ্টকরণ।—এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান করিবার ও ব্যয় নির্বাহের জন্য ২০২৫ সনের ৩০ জুন তারিখে সমাপ্ত অর্থবৎসরে এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যাদি ও উদ্দেশ্যসমূহের জন্য উহার বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত পরিমাণের অনধিক অর্থ নির্দিষ্ট করা হইল।

৪। রহিতকরণ ও হেফাজত।—(১) নির্দিষ্টকরণ (সম্পূরক) অধ্যাদেশ, ২০২৫ (২০২৫ সনের ৩১নং অধ্যাদেশ) এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও উক্ত রহিতকৃত অধ্যাদেশের অধীন কৃত কার্য বা গৃহীত ব্যবস্থা এই আইনের অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

তফসিল
(ধারা ২ ও ৩ দ্রষ্টব্য)

(অংকসমূহ হাজার টাকায়)

মঞ্জুরি নং	কার্য ও উদ্দেশ্যসমূহ হিসাবের প্রধান খাতসমূহ	অনধিক টাকা		
		সংযুক্ত তহবিলের উপর দায়	অন্যান্য ব্যয়	মোট
১	২	৩	৪	৫
	বাংলাদেশ সুপ্রীম কোর্ট	৪,৬৬,৫২	০	৪,৬৬,৫২
০৬	বাংলাদেশ সরকারী কর্ম কমিশন	- ৭,৯৯,৩৪	১৩,৫০,০০	৫,৫০,৬৬
০৭	অর্থ বিভাগ	১১১৪৮১,৩৭,০০	-৭২২৪,৭৯,০৯	১০৪২৫৬,৫৭,৯১
০৯	আর্থিক প্রতিষ্ঠান বিভাগ	০	৭৩৫,৬৬,৮৯	৭৩৫,৬৬,৮৯
১১	পরিকল্পনা বিভাগ	০	২০১৯৯,৭৪,২৫	২০১৯৯,৭৪,২৫
১৩	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ	০	৪০,৫৭,৪৯	৪০,৫৭,৪৯
২০	লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ	০	৬,৯৯,৭০	৬,৯৯,৭০
৩০	তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়	০	৯০,৩৩,৯৮	৯০,৩৩,৯৮
৪৪	পানি সম্পদ মন্ত্রণালয়	০	১৪৯০,৫০,০০	১৪৯০,৫০,০০
৪৫	খাদ্য মন্ত্রণালয়	০	৩৬৮১,৫১,৪২	৩৬৮১,৫১,৪২
	মোট সম্পূরক বরাদ্দ	১১১৪৭৮,০৪,১৮	১৯০৩৪,০৪,৬৪	১৩০৫১২,০৮,৮২

ব্যারিস্টার মোঃ গোলাম সরওয়ার ভূইয়া
সচিব।